

ঢাবির সার্টিফিকেট ট্রান্সক্রিপ্ট সেবায় আসছে পরিবর্তন

ঢাবি প্রতিবেদক

০৬ মে ২০২৫, ১২:০০ এএম



ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) শিক্ষার্থীদের জন্য ট্রান্সক্রিপ্ট, সার্টিফিকেট ও মার্কশিটসহ একাডেমিক সেবার মান উন্নয়নে একাধিক জরুরি উদ্যোগ নিয়েছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। শিক্ষার্থীদের অভিযোগ দ্রুত নিষ্পত্তি ও সেবায় স্বচ্ছতা আনতে এবার সরাসরি যোগাযোগের জন্য নতুন হেল্পলাইন চালু করা হয়েছে।

UNIBOTS

গতকাল সোমবার বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তর থেকে পাঠানো এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়, শিক্ষার্থীদের জন্য ট্রান্সক্রিপ্ট, মার্কশিট ও সার্টিফিকেটসহ বিভিন্ন বিষয়ে সেবার মান বৃদ্ধির লক্ষ্যে বিশ্ববিদ্যালয় প্রশাসন জরুরি পদক্ষেপ গ্রহণ করেছে। শিক্ষার্থীদের জরুরি অভিযোগ নিষ্পত্তির জন্য উপ-উপাচার্য (প্রশাসন) অফিসের ডেপুটি রেজিস্ট্রার আমিনুল ইসলামকে দায়িত্ব প্রদান করা হয়েছে। জরুরি প্রয়োজনে শিক্ষার্থীরা ই-মেইল : svb@svb.gov.bd অথবা হোয়াটসঅ্যাপ : ০১৭৯৭-৪৯০৫৭৫ (শুধু মেসেজের জন্য) নম্বরে যোগাযোগ করতে পারবেন। এক্ষেত্রে অভিযোগ পাওয়ার দুই দিনের মধ্যে সংশ্লিষ্ট শিক্ষার্থীর সঙ্গে ই-মেইল বা হোয়াটসঅ্যাপের মাধ্যমে যোগাযোগ করা হবে ও অভিযোগ নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করা হবে।

ট্রান্সক্রিপ্ট ফি কমল ১০ ডলার

নির্ধারিত ফি গ্রহণের মাধ্যমে ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে প্রতিনিয়তই অনলাইনে, ই-মেইলে দেশ-বিদেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয় বা সংস্থা বা প্রতিষ্ঠানে ট্রান্সক্রিপ্ট পাঠানো হয়। সম্প্রতি এ সংক্রান্ত সার্ভিস চার্জ ৫০ মার্কিন ডলার থেকে কমিয়ে ১০ মার্কিন ডলার করা হয়েছে। এ চার্জ শুধু ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে অন্য বিশ্ববিদ্যালয় বা সংস্থা বা প্রতিষ্ঠানে পাঠানোর ক্ষেত্রে প্রযোজ্য হবে বলে বিজ্ঞপ্তিতে জানানো হয়।

সহজ হবে ট্রান্সক্রিপ্ট আবেদন প্রক্রিয়া

ঢাবি শিক্ষার্থীদের জন্য ইতিপূর্বেই অনলাইনে ট্রান্সক্রিপ্টের আবেদন পদ্ধতি চালু করা হয়েছে। এ পদ্ধতি অনুসরণ করে শিক্ষার্থীরা ট্রান্সক্রিপ্টের জন্য অনলাইনে আবেদন করে থাকেন। তবে ট্রান্সক্রিপ্ট, সার্টিফিকেট ও মার্কশিট সত্যায়ন প্রক্রিয়া এখনও অনলাইনে শুরু হয়নি। এ প্রক্রিয়া আরও সহজ ও স্পষ্ট করার জন্য প্রশাসন ইতোমধ্যেই উদ্যোগ গ্রহণ করেছে। আগামী দুই মাসের মধ্যে এসবের জন্য অনলাইনে আবেদন করার প্রক্রিয়াগুলো আরও শিক্ষার্থীবান্ধব করে উপস্থাপন করা হবে বলে বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়।

হার্ডকপি পাঠাতে কুরিয়ার সুবিধা

ট্রান্সক্রিপ্টের জন্য সংশ্লিষ্ট মার্কশিটের পাশাপাশি ট্রান্সক্রিপ্ট, সার্টিফিকেট ও মার্কশিট উত্তোলনের ধাপগুলো সম্পর্কে অতিদ্রুত (২ দিনের মধ্যে) বিশ্ববিদ্যালয় ওয়েবসাইটে সুস্পষ্টভাবে

তথ্য প্রদান করা হবে। এ ছাড়া অনলাইনের (ই-মেইলের মাধ্যমে) পাশাপাশি ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে অন্য বিশ্ববিদ্যালয় বা সংস্থা বা প্রতিষ্ঠানে হার্ডকপি ট্রান্সক্রিপ্ট সরাসরি দ্রুত পাঠানোর ক্ষেত্রে কুরিয়ার কোম্পানিগুলোর সঙ্গে যোগাযোগ করে ব্যবস্থা গ্রহণের বিষয়ে প্রশাসনের পরিকল্পনা রয়েছে বলে বিজ্ঞপ্তিতে জানানো হয়।

নতুন স্থান ও তথ্যকেন্দ্র

শিক্ষার্থীদের সুবিধার্থে ট্রান্সক্রিপ্ট সেকশনটি অপেক্ষাকৃত একটি বড় কক্ষে স্থানান্তরের প্রক্রিয়া শুরু হয়েছে। ট্রান্সক্রিপ্ট, সার্টিফিকেট ও মার্কশিটের বিষয়গুলোর ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের তথ্যকেন্দ্রকে আরও শিক্ষার্থীবান্ধব করে গড়ে তোলারও উদ্যোগ নেওয়া হয়েছে বলে ওই বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়।

